



বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576

৭৪২৮৪

নং-বামাশিবো/প্রশাসন/রংপুর-০৪/

তারিখঃ ১০/৬/২০১৭খ্রিঃ

বিষয়ঃ গভার্ণিং বডির সভাপতি পদ কেন বাতিল করা হবে না তার কারণ দর্শানো নোটিশ প্রসঙ্গে।

- সূত্রঃ ১) মাননীয় সংসদ সদস্য কর্তৃক প্রেরিত ১৪/০৫/২০১৭খ্রিঃ তারিখের পত্র।
২) নং-বামাশিবো/প্রশা/রংপুর-০৪/৩২৪/৩: তারিখঃ ০৪/০৪/২০১৭খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, রংপুর জেলার বদরগঞ্জ উপজেলাধীন ময়নাকুড়ি দারুস সুন্নাহ আলিম মাদরাসার সুপার মোঃ আমিনুল হক আনোয়ারী কর্তৃক দাখিলকৃত কাগজপত্রের ভিত্তিতে অত্র বোর্ড হতে গত ২৩/০২/২০১৭খ্রিঃ তারিখে গভার্ণিং বডির অনুমোদন দেয়া হয়। পরবর্তীতে উক্ত গভার্ণিং বডি মনোনয়নের নিমিত্ত মাননীয় সংসদ সদস্য কর্তৃক ১৩/০২/২০১৭খ্রিঃ তারিখের সুপারিশটি ভূয়া ও জাল মর্মে সুপার মোঃ আমিনুল হক আনোয়ারী একখানা অভিযোগপত্র দাখিল করেন এবং সভাপতি মনোনয়নের জন্য ০১/০৩/২০১৭খ্রিঃ তারিখের আরেকটি সুপারিশসহ ০৩ জন ব্যক্তির নামের তালিকা দাখিল করেন।

এ বিষয়ে সঠিকতা যাচাইয়ের জন্য মাননীয় সংসদ সদস্যের একান্ত সচিবের নিকট সূত্রে উল্লিখিত ২নং স্মারকে পত্র দেয়া হলে মাননীয় সংসদ সদস্যের একান্ত সচিব কর্তৃক ১৪/০৫/২০১৭খ্রিঃ তারিখে জবাব প্রেরণ করেছেন। জবাবে দেখা যায়, মাননীয় সংসদ সদস্য কর্তৃক ১৩/০২/২০১৭খ্রিঃ তারিখের সুপারিশটি ভূয়া ও জাল এবং ০১/০৩/২০১৭খ্রিঃ তারিখের সুপারিশটি সঠিক মর্মে উল্লেখ করা হয়েছে।

বর্ণিত অবস্থায় ভূয়া ও জাল স্বাক্ষরের সুপারিশ দাখিল করায় বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা (গভার্ণিং বডি ও মানেজিং কমিটি) প্রবিধান-৩৮(১) এর ক্ষমতাবলে এ দপ্তর হতে নং-বামাশিবো/প্রশা/১৮৭/২/নথি নং- রংপুর-০৪; তারিখঃ ২৩/০২/২০১৭খ্রিঃ স্মারকে অনুমোদিত গভার্ণিং বডির সভাপতি হিসাবে জনাব মোঃ হায়দার আলী এর পদ কেন বাতিল করা হবে না আগামী ৩০ (ত্রিশ) দিনের মধ্যে তার সন্তোষজনক জবাব নিম্নস্বাক্ষরকারী বরাবর দাখিল করার জন্য অনুরোধ করা হলো।

১৩.০৬.১৭
প্রফেসর মোঃ মজিবুর রহমান
চেয়ারম্যান (রুটিন দায়িত্বপ্রাপ্ত)
ও
রেজিস্ট্রার
বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোনঃ ৯৬১২৮৫৮

প্রাপকঃ ১) জনাব মোঃ হায়দার আলী, সভাপতি;

২) সুপার, ময়নাকুড়ি দারুস সুন্নাহ আলিম মাদরাসা, বদরগঞ্জ, রংপুর।

নং-বামাশিবো/প্রশাসন/রংপুর-০৪/ ৫ ২৮৫

তারিখঃ ১০/৬/২০১৭খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপিঃ

১. উপজেলা নির্বাহী অফিসার, বদরগঞ্জ, রংপুর।
২. জেলা শিক্ষা অফিসার, রংপুর।
৩. সদস্যবৃন্দ- মানেজিং কমিটি, ময়নাকুড়ি দারুস সুন্নাহ আলিম মাদরাসা, বদরগঞ্জ, রংপুর।
৪. পি এ টু চেয়ারম্যান, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা
৫. অফিস কপি।

১৩.৬.১৭
মোঃ মজিবুর রহমান
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)